

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

...

সভাপতি	মোঃ হাসানুল ইসলাম, এনডিসি পরিচালক
সভার তারিখ	২৬ ফেব্রুয়ারি/২০১৯ খ্রি:
সভার সময়	বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান	পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক দৃষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৮-২০১৯ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন	<ul style="list-style-type: none">পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ থেকে স্মারক-৯, তারিখ: ২০ জানুয়ারি/২০১৯ খ্রি: মূলে ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন সংক্রান্ত চাহিত প্রতিবেদন স্মারক-৪৯, তারিখ: ২৪ জানুয়ারি/২০১৯ খ্রি: মোতাবেক বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।যেসকল বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা দ্রুত অর্জনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরিত অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন অগ্রগতি প্রতিবেদনে যে লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়নি সেগুলো দ্রুততম সময়ে অর্জনের ব্যবস্থা নিতে হবে।	ইনোভেশন টিম

<p>ই-ফাইলিং</p> <p>০২</p>	<ul style="list-style-type: none"> ই-ফাইলিং কার্যক্রমে ০১-১৫ ফেব্রুয়ারি/২০১৯ খ্রি: পর্যন্ত রিপোর্টে বিআরডিবি'র অবস্থান ১৩তম থেকে ২৪ তম স্থানে নেমে এসেছে এবং উক্ত সময়ে মাত্র ৮০ টি পত্র জারি হয়েছে যা হতাশাজনক। ই-ফাইলিং কার্যক্রম জোড়দার করার লক্ষ্যে হার্ডফাইলে পত্র জারি না করে ই-ফাইলিং এ পত্র জারির বিষয়ে তাগিদপত্র বিষয়ে আলোচনা করা হয়। সেই সাথে সদর দপ্তরের সাথে জেলা দপ্তরসমূহের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে জেলা দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইলিং প্রশিক্ষণ প্রদান করার পরিকল্পনা নেয়ার বিষয়ে অলোচনা করা হয়। 	<ul style="list-style-type: none"> ই-ফাইলিং কার্যক্রমে বিআরডিবি'র অবস্থান উন্নয়নে হার্ডফাইলে পত্রজারি না করে ই-ফাইলে পত্রজারির উদ্যোগ নিতে হবে; প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক প্রশিক্ষণ বিভাগের সাথে আলোচনা সাপেক্ষে দ্রুততম সময়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে; 	<p>ইনোভেশন টিম</p>
---------------------------	--	---	--------------------

<p>০ ৩</p>	<p>সেবা সহজীকরণ</p>	<p>অভ্যন্তরীণ দায়দেনা প্রেরণ সহজীকরণ ও ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ বিষয়ে সেবা সহজীকরণ (সদাবিক/আবর্তক)/ অফি স আদেশ জারির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</p>	<ul style="list-style-type: none"> ● অভ্যন্তরীণ দায়দেনা প্রেরণ সহজীকরণ সংক্র ান্ত সেবা সহজীকরণের পত্রজারি সংক্রান্ত সকল কাগজপত্র আগামী ০৭/০৩/২০১৯ তারিখে উপপরিচালক (মার্কেটিং) ও সহকারী পরিচালক (পদাবিক) ইনোভেশন টিমের নিকট দাখিল করবে; ● ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ সংক্র ান্ত সকল কাগজপত্র মার্চ/২০১৯ তারিখে উপপরিচালক (ঋণ) ইনোভেশন টিমের নিকট দাখিল করবেন। 	<p>ইনোভেশন টিম/ উপপরিচালক- প্রশাসন/ঋণ/ মার্কেটিং ও সহকারী পরিচালক পেনশন/পদাবিক</p>
----------------	-------------------------	--	---	--

০৪	ইনোভেশন মেন্টরিং, শোকেসিং আয়োজন	ইতোপূর্বে স্মারক-৬১, তারিখ: ২৯আগস্ট/২০১৮ বাস্তবায়নযোগ্য বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ/ধারণা ২০১৮-২০১৯ এর তালিকা ও মেন্টর/মেন্টির তালিকা প্রণয়নপূর্বক তা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরণকৃত উদ্যোগসমূহ হতে শ্রেষ্ঠ উদ্যোগসমূহ বাছাই করতে হবে এবং শীঘ্রই মেন্টর/মেন্টিদের নিয়ে মেন্টরিং ওয়ার্কশপ ও মেন্টরিং শোকেসিং আয়োজন করতে হবে।	<ul style="list-style-type: none"> আগামী মার্চ/২০১৯ তারিখের মধ্যে মেন্টর/মেন্টির তালিকা চূড়ান্ত করতে হবে; মেন্টর/মেন্টির চূড়ান্ত তালিকা অনুযায়ী ওয়ার্কশপের আয়োজন করতে হবে; ওয়ার্কশপ এর মডিউল মার্চ/২০১৯ এর ২য় সপ্তাহের মধ্যে মহাপরিচালক মহোদয় কর্তৃক চূড়ান্ত করতে হবে। 	ইনোভেশন টিম
০৫	উদ্ভাবনী উদ্যোগ স্বীকৃতি প্রদান	মাঠ পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগসমূহ বাছাই করে বেশি বেশি রেল্লিকেশন করতে হবে এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগসমূহ বাছাইপূর্বক উদ্ভাবকদের স্বীকৃতি স্বরূপ সনদ প্রদান করতে হবে।	<ul style="list-style-type: none"> উদ্যোগসমূহের মধ্য থেকে স্কেলআপ/রেল্লিকেশন এর উদ্যোগ নিতে হবে; উদ্ভাবনী উদ্যোগ বাছাই ও স্বীকৃতি প্রদান করতে হবে। 	ইনোভেশন টিম

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
পরিচালক


স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৬৭

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৫

০৩ মার্চ ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ২) যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৪) উপপরিচালক, বাজারজাতকরণ শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৬) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
- ৭) একান্ত সহকারী, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড



নাজনীন খানম
উপপরিচালক